# বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়ার নতুন কমিটি সম্পর্কে ডঃ রোনাল্ড পাত্রের বিবৃতি অপ্রত্যাশিত

দুই বঙ্গবন্ধু পরিষদের দুই কমিটির অবলুপ্তি ঘোষণা পূর্বক দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে একটি নতুন পুর্নাঙ্গ কমিটি গঠন সম্পর্কে বাংলা সিডনী ডট কমে ডঃ রোনাল্ড পাত্রের বিবৃতিটি একেবারেই অপ্রত্যাশিত যা বঙ্গবন্ধু প্রেমীসহ সাধারন জনমনে হতাশার সৃস্টি করেছে। এমতাবস্থায় ডঃ পাত্রের বক্তব্যের জবাবে কিছু বলার জরুরী প্রয়োজন মনে করছি দুইটি কমিটির একত্রীকরনের লক্ষ্যে নিজের কমিটির প্রতিনিধি নিয়োগ, আহবায়ক কমিটি গঠন, দুই কমিটির সদস্যদের উপস্থিতিতে স্ব স্ব কমিটি বিলুপ্ত ঘোষণা পূর্বক আট সদস্য বিশিস্ট আহবায়ক কমিটি ঘোষণা এবং দীর্ঘ কয়েক মাস ধরে মিটিং সিটিং ও অন্যান্য প্রক্রিয়া শেষে একটি পুর্নাঙ্গ কমিটি ঘোষণা এসব কিছুর সাথেই প্রথমে স্ব গ্রুপের সাধারন সম্পাদক ও পরে আহবায়ক কমিটির সদস্য-সচিব হিসাবে ডঃ পাত্রের ভুমিকা ছিল অগ্রনীয়। এসব কর্মকান্ডের কোথাও কখনও তিনি দ্বিমত পোষণ করেননি, এমনকি কাউকে তার অমতের কথা জানাননি। সদ্য ঘোঘিত পুর্নাঙ্গ কমিটিতে একটি পক্ষের সদস্য সংখ্যা কিছুটা কম হয়েছে আমরা স্বীকার করছি যার ফলশ্রুতিতে বেশ কয়েকজন সদস্যদের মধ্যে কিছুটা অসন্তোষের সৃষ্ঠি হয়েছে তাও আমরা অবগত। কিন্তু আমি যদি প্রশ্ন করি এ দায় কার? ডঃ রোনাল্ড পাত্র কি পারেন এ দায়িত্ত্ব এড়াতে? একজন দায়িত্ত্ববান ব্যক্তি হিসাবে তিনি তারই হাতে গড়া আহবায়ক কমিটির অন্যান্য সদস্যের সাথে সমস্যাটি নিয়ে আলাপ করতে পারতেন এবং একটি সমাধানের পথ খুজে বের করতে পারতেন। তিনি তা না করে অসন্তুস্ট সদস্যদের উস্কে দিচ্ছেন এবং তারই দ্বারা বিলুপ্তকৃত কমিটির পূনর্জ্জীবনের ঘোষণা দিয়ে এককভাবে পূনরায় ঐক্য প্রক্রিয়া চালানোর অভিপ্রায় ব্যক্ত করেন। আমরা জানিনা তিনি কার সাথে তখন ঐক্য করবেন? তাছাড়া, সাধারন সভায় যে কমিটি বিলুপ্ত, তার সাধারন সম্পাদক হিসাবেই বা তিনি নিজেকে কিভাবে দাবী করছেন? এর মধ্যে নিশ্চয়ই এই কমিটির কোন সাধারন সভা হয়নি? এখানে বঙ্গবন্ধু পরিষদের সকল সদস্য ও বঙ্গবন্ধু প্রেমী সকলের অবগতির জন্য জানাচ্ছি যে গত ২৩শে ফেব্রুয়ারী এবং পরবর্তী সময়ে সদস্যদের মতামতের উপর ভিত্তি করে জনাব গামা আব্দুল কাদির এবং আমি নতুন কমিটিতে আরো কিছু সদস্য অন্তর্ভূক্তির উদ্যোগ নেই এবং ডঃ রফিকুল ইসলাম, জনাব গামা আব্দুল কাদির, জনাব গাওসুল আলম শাহজাদা এবং আমি আমরা এই গ্রুপ থেকে আরো ছয় জন নতুন সদস্য অন্তর্ভূক্ত করার জন্য সিদ্ধান্ত নেই। প্রস্তাবিত সদস্যদের সম্মতির ভিত্তিতে আগামী ২৪শে ফেব্রুয়ারী নতুন কমিটির প্রথম সভায় এই সিদ্ধান্ত কার্যকর করার ব্যবস্থা নেয়া হবে। আমি আশা করি ডঃ রোনাল্ড পাত্র এককভাবে নয় তারই নেতৃত্বে দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে গঠিত নতুন কমিটির একজন সদস্য হিসাবে এই সভায় অংশগ্রহন করে ঐক্যের সম্মিলিত প্রচেস্টায় শরিক হবেন।

আব্দুল জলিল
সভাপতি, কার্যকরী পরিষদ
বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া